

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নম্বর:৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-২০৭


তারিখ: ২৩ এপ্রিল ২০২৬
১০ বৈশাখ ১৪৩৩

প্রজ্ঞাপন

সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ডিজেলের মূল্য বৃদ্ধি ও বর্তমান পরিচালনা ব্যয়জনিত কারণে ডিজেলচালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিয়ন্ত্রণভাবে পুনর্নির্ধারণ করল:

- (ক) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০১ এপ্রিল ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রীপ্রতি প্রতি কিলোমিটার ভাড়া ২.৪২ টাকার স্থলে ২.৫৩ টাকা;
- (খ) আন্তঃজেলা ও দূরপাল্লার রুটে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০১ এপ্রিল ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রীপ্রতি প্রতি কিলোমিটার ভাড়া ২.১২ টাকার স্থলে ২.২৩ টাকা;
- (গ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী মিনিবাস এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০১ এপ্রিল ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রীপ্রতি প্রতি কিলোমিটার ভাড়া ২.৩২ টাকার স্থলে ২.৪৩ টাকা;
- (ঘ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ১০.০০ টাকা এবং ৮.০০ টাকা; এবং
- (ঙ) আরামদায়ক ভ্রমণের জন্য বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্নির্ধারণ করা হলে উপর্যুক্ত অনুচ্ছেদ-খ অনুযায়ী নির্ধারিত ভাড়া আনুপাতিকভাবে পুনর্নির্ধারিত করতে হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ)/যাত্রী ও পণ্য পরিবহন কমিটি হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।
- ২। এ ভাড়ার হার গ্যাসচালিত বাস/মিনিবাসের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
- ৩। এ ভাড়ার হার প্রতিটি বাস ও মিনিবাসের দৃশ্যমান স্থানে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।
- ৪। ডিজেলচালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতঃপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা রহিত করা হলো।
- ৫। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ২৩-০৪-২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৩/৪/২০২৬

মোঃ জাসিম উদ্দিন

সহকারী সচিব

ফোন: ৫৫১০১০৩১

ইমেইল: brta.est.sec@rthd.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা
- ০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা
- ০৫। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
- ০৭। চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), বিআরটিএ, সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
- ০৮। বিভাগীয় কমিশনার..... (সকল)
- ০৯। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা
- ১০। অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪ শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
- ১১। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক..... (সকল)
- ১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়
- ১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৪। জেলা প্রশাসক..... (সকল)
- ১৫। পুলিশ সুপার..... (সকল)
- ১৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ১৭। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় প্রেস ক্লাব, ১৮ তোপখানা রোড, ঢাকা-১০০০
- ২০। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ইউনিক হাইটস, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা
- ২১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮ রাজউক এভিনিউ, ঢাকা
- ২২। চেয়ারম্যান/জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন, ২৫৭/ক, বাগবাড়ী, গাবতলী, ঢাকা